26/2024

**Roll No.** | | | | | | | | |

(Write Roll Number from left side exactly as in the Admit Card)

*Signature of Invigilator*

**Question Booklet Series** **X**

**PAPER–II** **Question Booklet No.**

**Subject Code : 13**

# GEOGRAPHY

*Time : 2 Hours* *Maximum Marks: 200*

***Instructions for the Candidates***

1. Write your Roll Number in the space provided on the top of this page as well as on the OMR Sheet provided.
2. At the commencement of the examination, the Question Booklet will be given to you. In the first 5 (five) minutes, you are requested to open the booklet and verify it:
   (i) To have access to the Question Booklet, tear off the paper seal on the edge of this cover page.
   (ii) Faulty booklet, if detected, should be got replaced immediately by a correct booklet from the invigilator within the period of 5 minutes. Afterwards, neither the Question Booklet will be replaced nor any extra time will be given.
   (iii) Verify whether the Question Booklet Number is identical with OMR Sheet Number; if not, the full set is to be replaced.
   (iv) After this verification is over, the Question Booklet Series and Question Booklet Number should be entered on the OMR Sheet.
3. This paper consists of One Hundred (100) multiple-choice type questions. All the questions are compulsory. Each question carries *two* marks.
4. Each Question has four alternative responses marked: (A) (B) (C) (D). You have to darken the circle as indicated below on the correct response against each question.
   *Example:* (A) (B) ● (D), where (C) is the correct response.
5. Your responses to the questions are to be indicated correctly in the OMR Sheet. If you mark your response at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
6. Rough work is to be done at the end of this booklet.
7. If you write your Name, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except in the space allotted for the relevant entries, which may disclose your identity or use abusive language or employ any other unfair means, such as change of response by scratching or using white fluid, you will render yourself liable to disqualification.
8. Do not tamper or fold the OMR Sheet in any way. If you do so, your OMR Sheet will not be evaluated.
9. You have to return the Original OMR Sheet to the invigilator at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall. You are, however, allowed to carry question booklet and duplicate copy of OMR Sheet after completion of examination.
10. **Use only Black Ball point pen.**
11. **Use of any calculator, mobile phone, electronic devices/gadgets etc. is strictly prohibited.**
12. **There is no negative marks for incorrect answer.**

***পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী***

১. এই পৃষ্ঠার উপরিভাগের নির্দিষ্ট স্থানে এবং OMR পত্রের নির্দিষ্ট স্থানে নিজের ক্রমিক সংখ্যা (Roll Number) লিখুন।

২. পরীক্ষার সূচনায় প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) আপনাকে দেওয়া হবে। প্রথম ৫ (পাঁচ) মিনিটেই প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) খুলে নিবিড় ভাবে যাচাই করে নেওয়ার জন্য আপনাকে অনুরোধ করা হচ্ছে ঃ
   (i) প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) উন্মুক্ত করতে প্রচ্ছদ পৃষ্ঠার (cover page) প্রান্তস্থ কাগজের সীলটি আপনাকে খুলতে হবে।
   (ii) যদি প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ত্রুটিযুক্ত এমন নির্ধারিত হয়, তাহলে পরীক্ষা শুরুর প্রথম পাঁচ মিনিটের মধ্যে পরীক্ষা পরিদর্শক সেটি সঠিক প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) দ্বারা প্রতিস্থাপিত করে দেবেন। এই সময়ের পর কোনও ভাবে প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) প্রতিস্থাপন করা যাবে না। কোনও অতিরিক্ত সময়ও দেওয়া হবে না।
   (iii) প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) এবং OMR পত্রের নম্বর অভিন্ন আছে কিনা যাচাই করে নেবেন। নম্বরে অমিল থাকলে সম্পূর্ণ সেট্‌টি প্রতিস্থাপিত করতে হবে।
   (iv) যাচাই সম্পূর্ণ হলে প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) সিরিজ এবং প্রশ্নপত্র পুস্তিকার (Booklet) নম্বর OMR পত্রে লিপিবদ্ধ করতে হবে।

৩. এই পত্রটিতে একশত (১০০)-টি বহুমুখী উত্তরধর্মী প্রশ্ন (Multiple-choice type questions) রয়েছে। প্রতিটি প্রশ্নের উত্তর করা আবশ্যিক। প্রতিটি প্রশ্নের মান *দুই*।

৪. প্রতিটি প্রশ্নের উত্তররূপে চারটি বৃত্ত (Circle) চিহ্নিত বিকল্প উত্তর রয়েছে ঃ (A) (B) (C) (D)। নিম্নলিখিত নির্দেশমত আপনাকে সঠিক উত্তরটির বৃত্ত ঘন কালো করতে হবে।
   *উদাহরণ ঃ* (A) (B) ● (D), যেখানে সঠিক উত্তর (C) ।

৫. আপনার দেওয়া প্রশ্নের সঠিক উত্তরগুলি যেন OMR পত্রের নির্দিষ্ট স্থানেই দেওয়া হয়। OMR পত্রের নির্দিষ্ট বৃত্তের বাইরে উত্তর দিলে কোনও ভাবেই তা মূল্যায়িত হবে না।

৬. প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) শেষ অংশে রাফ কাজ (rough work) করবেন।

৭. OMR পত্রের নির্দিষ্ট স্থানে নির্দিষ্ট তথ্য প্রদান ব্যতীত আপনি যদি অতিরিক্ত কোনও ব্যক্তিগত তথ্য যথা— নাম, ফোন নম্বর লেখেন অথবা এমন কোনও ইঙ্গিত দেন যার দ্বারা আপনার ব্যক্তিগত পরিচয় চিহ্নিত হতে পারে অথবা কোনও অবমাননাকর ভাষার প্রয়োগ হয় অথবা অসৎ কোনও উপায় অবলম্বন করা হয় যথা— আঁচড় দিয়ে বা সাদা কালি দিয়ে উত্তর পরিবর্তনের প্রয়াস করা হয়, সেক্ষেত্রে আপনি আপনার উত্তরপত্র বাতিলের জন্য দায়ী থাকবেন।

৮. OMR পত্রটি কোনও ভাবে ক্ষতিগ্রস্ত করবেন না বা ভাঁজ করবেন না। সেক্ষেত্রে আপনার OMR পত্রটি মূল্যায়িত হবে না।

৯. পরীক্ষা সমাপ্ত হলে আবশ্যিক ভাবে প্রকৃত (Original) OMR পত্রটি পরীক্ষা পরিদর্শককে জমা দিতে হবে এবং কোনও ভাবে এটি পরীক্ষা কক্ষের বাইরে নিজের সঙ্গে বহন করা যাবে না। আপনি অবশ্য পরীক্ষা সমাপ্ত হওয়ার পর প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ও OMR পত্রের প্রতিলিপি (Duplicate) কপিটি নিজের সঙ্গে বহন করে নিয়ে যেতে পারবেন।

১০. **শুধুমাত্র কালো বল্ পয়েন্ট পেন ব্যবহার করবেন।**

১১. **কোনও প্রকার ক্যালকুলেটর, মোবাইল ফোন, বৈদ্যুতিন উপকরণের (ডিভাইস/গ্যাজেটস ইত্যাদি) ব্যবহার কঠোরভাবে নিষিদ্ধ।**

১২. **ভুল উত্তরের জন্য কোনও রকম নেতিবাচক (Negative) নম্বর দেওয়া হবে না।**

| The Question Booklet is encrypted with QR code for security purpose. | প্রশ্নপত্র পুস্তিকাটি নিরাপত্তার কারণে QR কোড দ্বারা এনক্রিপ্ট করা আছে। |
|---|---|

## Geography

**1.** Muscovite is

(A) difficult to dissolve
(B) dissolved by alkaline solution
(C) dissolved by water
(D) dissolved by acid

**1.** মাসকোভাইট

(A) সহজে দ্রবীভূত হয় না
(B) ক্ষারীয় দ্রবণে সহজে দ্রবীভূত হয়
(C) জলে দ্রাব্য
(D) আম্লিক দ্রবণে দ্রবীভূত হয়

**2.** The elastic rebound theory best relates to

(A) Avalanches
(B) Geysers
(C) Earthquakes
(D) Landslides

**2.** স্থিতিস্থাপক প্রতিক্ষেপ তত্ব নীচের যে বিষয়টির সাথে সর্বাধিক সংশ্লিষ্ট

(A) হিমানী সম্প্রপাত
(B) গিজার
(C) ভূমিকম্প
(D) ভূমিধস

**3.** Magnetic property of the earth results from

(A) convective movement in the Asthenosphere
(B) convective movement in the outer core
(C) plate movement
(D) rotation of earth

**3.** পৃথিবীর চৌম্বকীয় গুণাবলির সৃষ্টি হয়

(A) অ্যাস্থেনোস্ফিয়ারে পরিচলন স্রোতের কারণে
(B) বহিঃস্থ কেন্দ্রমণ্ডলের পরিচলন স্রোত থেকে
(C) পাত সঞ্চলনের মাধ্যমে
(D) পৃথিবীর আবর্তনের ফলে

**4.** Shortening in the earth crust is typically accommodated

(A) Normal faults
(B) Thrust faults
(C) Horst and Graben structures
(D) Pull-apart basins

**4.** ভূত্বকের সংকোচন এই ভূগঠনের মাধ্যমে সংঘটিত হয়

(A) স্বাভাবিক চ্যুতি
(B) সংঘট্য চ্যুতি
(C) হোর্স্ট এবং গ্রাবেন গঠন
(D) পুল-অ্যাপার্ট বেসিনস

**5.** Match the earth scientists with the geomorphic theories proposed by them

| *Proponent* | *Theory on* |
|---|---|
| (a) J. Cvijic | (i) Cirque formation |
| (b) W. D. Wilson | (ii) Landscape equilibrium |
| (c) G. K. Gilbert | (iii) Bornhardt formation |
| (d) M. F. Thomas | (iv) Slope retreat |
| | (v) Cavern formation |

*Codes*:

(A) a–iv b–iii c–i d–v
(B) a–v b–i c–ii d–iii
(C) a–iv b–ii c–i d–iii
(D) a–iv b–i c–iii d–v

**5.** নীচের তালিকায় ভূ-বিজ্ঞানীদের সাথে তাঁদের ভূমিরূপ সংক্রান্ত তত্ত্বকে মেলান

| *ভূ-বিজ্ঞানী* | *ভূমিরূপ সংক্রান্ত তত্ত্ব* |
|---|---|
| (a) জে. সিভিজিক | (i) সার্ক তৈরির তত্ত্ব |
| (b) ডব্লিউ. ডি. উইলসন | (ii) ভূমিরূপের ভারসাম্য |
| (c) জি. কে. গিলবার্ট | (iii) বোনহার্ড সৃষ্টি তত্ত্ব |
| (d) এম. এফ. থমাস | (iv) ঢালের পশ্চাদপসরণ |
| | (v) গুহা সৃষ্টি তত্ত্ব |

সংকেত ঃ

(A) a–iv b–iii c–i d–v
(B) a–v b–i c–ii d–iii
(C) a–iv b–ii c–i d–iii
(D) a–iv b–i c–iii d–v

**6.** Which one of the following supports the idea of Davis' three stages of landform development?

(A) Continental drift
(B) Hypsometric integral
(C) Rate of weathering and removal of weathered material
(D) Trend surface residuals

**6.** নিম্নলিখিত কোন বিবৃতিটি ডেভিসের তিন পর্যায়ের ভূমিরূপ উদ্ভবের ধারণাকে সমর্থন করে?

(A) মহীসঞ্চলন
(B) হিপ্সোমেটরিক ইন্টিগ্রাল
(C) আবহবিকারের হার এবং আবহবিকার প্রাপ্ত পদার্থের অপসারণ
(D) ট্রেন্ড সারফেস্ রেসিডুয়ালস

**7.** Match *List-I* with *List-II* and select correct answer

| *List-I* | *List-II* |
|---|---|
| (a) Waxing slope | (i) Concave |
| (b) Free face | (ii) Retreat with free face |
| (c) Debris slope | (iii) Convex |
| (d) Waning slope | (iv) Bedrock outcrop |

*Answer*:

(A) a–ii, b–i, c–iv, d–iii
(B) a–iii, b–iv, c–ii, d–i
(C) a–iv, b–iii, c–i, d–ii
(D) a–i, b–ii, c–iii, d–iv

**7.** *তালিকা-I* এবং *তালিকা-II* মিলিয়ে সঠিক উত্তরটি চয়ন করুন

| *তালিকা-I* | *তালিকা-II* |
|---|---|
| (a) ক্রমবর্ধমান ঢাল | (i) অবতল |
| (b) উন্মুক্ত ঢাল | (ii) উন্মুক্ত ঢালের পশ্চাদপসরণ |
| (c) ক্ষয়াবশিষ্ট সমন্বিত ঢাল | (iii) উত্তল |
| (d) ক্রমহ্রাসমান ঢাল | (iv) উন্মুক্তপৃষ্ঠ শিলা |

*উত্তর* :

(A) a–ii, b–i, c–iv, d–iii
(B) a–iii, b–iv, c–ii, d–i
(C) a–iv, b–iii, c–i, d–ii
(D) a–i, b–ii, c–iii, d–iv

**8.** Which among the following is ideal for achievement of steady state in an open system?

(A) Leeward slope of a frontal dune

(B) A glacier or the upper limit of ablation zone

(C) Opening of a swallow hole by ground subsidence in a limestone country

(D) A stretch of a river between two closely-spaced bridges

**8.** নিম্নোক্ত কোনটি একটি উন্মুক্ত প্রণালীতে স্থিতিশীল অবস্থা আনার জন্য উপযুক্ত?

(A) অগ্রবর্তী বালিয়াড়ির অনুবাত ঢাল

(B) অবক্ষালন অঞ্চলের ঊর্ধ্বসীমায় হিমবাহের অবস্থান

(C) চুনাপাথরযুক্ত অঞ্চলে অবনমনের জন্য সৃষ্ট 'সোয়ালো হোল'

(D) দুটি কাছাকাছি অবস্থিত সেতুর মধ্যবর্তী নদীখাত

**9.** *Assertion (A)* : In a hillside, trees and posts are often seen to lean towards the direction of slope.

*Reason (R)*: In hillsides, groundwater movement usually follows the general direction of slope.

Select the correct option.

(A) Both $(A)$ and $(R)$ are true, and $(R)$ is the correct explanation of $(A)$

(B) Both $(A)$ and $(R)$ are true, but $(R)$ is not the correct explanation of $(A)$

(C) $(A)$ is true, but $(R)$ is false

(D) $(A)$ is false, but $(R)$ is true

**9.** *বিবৃতি* $(A)$ ঃ একটি পাহাড়ের ঢালে গাছ এবং নানাবিধ স্তম্ভকে প্রায়শই ঢালের দিকে হেলে থাকতে দেখা যায়।

*কারণ* $(R)$ ঃ পাহাড়ি অঞ্চলে ভূগর্ভস্থ জলস্তরের প্রবাহ সাধারণত ঢাল বরাবর হয়।

সঠিক বিকল্পটি চয়ন করুন।

(A) $(A)$ এবং $(R)$ দুটিই ঠিক, এবং $(R)$ হল $(A)$-এর সঠিক ব্যাখ্যা

(B) $(A)$ এবং $(R)$ দুটিই ঠিক, কিন্তু $(A)$-এর সঠিক ব্যাখ্যা, $(R)$ নয়

(C) $(A)$ সঠিক কিন্তু $(R)$ ভুল

(D) $(A)$ ভুল কিন্তু $(R)$ ঠিক

**10.** Rhythmic beach features like cusps and horns are evolved by

(A) storm surges

(B) dissipative waves, mainly during storms

(C) wave-generated currents, like the rips

(D) coastal cells

**10.** সৈকত অঞ্চলে ক্রমিক ভূমিরূপ, যেমন 'কাস্প' এবং 'হর্ন' সৃষ্টির কারণ

(A) ঝড়ে উদ্ভূত জলোচ্ছ্বাস

(B) ঝড়ের সময়ে ঢেউয়ের স্তিমিতভবন

(C) ঢেউ-উদ্ভূত স্রোত, যেমন 'রিপ্' স্রোত

(D) তটভূমির প্রকোষ্ঠ

**11.** Arrange the terms used in vertical change of temperature in descending order as one goes up from Earth's surface

1. Adiabatic
2. Inversion
3. Subadiabatic
4. Superadiabatic

(A) 2, 3, 1, 4
(B) 1, 3, 2, 4
(C) 3, 2, 4, 1
(D) 4, 3, 1, 2

**11.** পৃথিবীপৃষ্ঠ থেকে ক্রমশ উপরে উঠলে উষ্ণতার উল্লম্ব পরিবর্তনের পদ্ধতিগুলিকে উপর থেকে নীচের দিকে সাজান

1. রুদ্ধতাপ পদ্ধতি
2. বিপরীত তাপক্রম
3. উপ-রুদ্ধতাপ পদ্ধতি
4. অধি-রুদ্ধতাপ পদ্ধতি

(A) 2, 3, 1, 4
(B) 1, 3, 2, 4
(C) 3, 2, 4, 1
(D) 4, 3, 1, 2

**12.** The Geostropic balance is maintained with

(A) the exact balance of incoming SW and outgoing LW radiation at the top of the atmosphere
(B) the exact balance of vertical pressure gradient and gravity in the atmosphere
(C) the exact balance of the coriolis force, horizontal pressure gradient force and friction
(D) the exact balance of the coriolis force and the horizontal pressure gradient force

**12.** জিওস্ট্রপিক্ ভারসাম্য বজায় রাখার জন্য প্রয়োজন

(A) বায়ুমণ্ডলের উপর দিকে আগত SW এবং প্রতিফলিত LW বিকিরণের সঠিক ভারসাম্য
(B) বায়ুমণ্ডলের উল্লম্ব চাপ-ঢাল ও মাধ্যাকর্ষণের সঠিক ভারসাম্য
(C) কোরিওলিস্ বল, চাপ-ঢালজনিত বল এবং ঘর্ষণের সঠিক ভারসাম্য
(D) কোরিওলিস্ বল এবং চাপ-ঢালজনিত বলের সঠিক ভারসাম্য

**13.** Which region of Rajasthan experiences AW type of climate as per Koppen's climatic classification?

(A) Southern most region
(B) Northern most region
(C) Western region
(D) North-eastern region

**13.** রাজস্থানের কোন অঞ্চলে কোপেনএর জলবায়ুর শ্রেণিবিভাগ অনুযায়ী AW জলবায়ু দেখা যায় ?

(A) দক্ষিণতম অঞ্চল
(B) উত্তরতম অঞ্চল
(C) পশ্চিম অঞ্চল
(D) উত্তর-পূর্ব অঞ্চল

**14.** Consider the following statements:

(a) Jet streams occur in the Northern Hemisphere only

(b) Some cyclones may not develop an eye

(c) The temperature inside the eye of the cyclone is nearly 10 ºC lesser than that of the surroundings

Which of the statement(s) is/are correct?

(A) (a) only

(B) (b) and (c) only

(C) (b) only

(D) (c) only

**14.** নীচের বিবৃতিগুলি বিবেচনা করুন:

(a) জেট প্রবাহ শুধুমাত্র উত্তর গোলার্ধে দেখা যায়

(b) কিছু কিছু ঘূর্ণিঝড়ে 'চক্ষু' তৈরি হয় না

(c) ঘূর্ণিঝড়ের 'চক্ষু'তে তাপমাত্রা পারিপার্শ্বিক তাপমাত্রার থেকে প্রায় 10 ºসে. কম থাকে

কোন বিবৃতিটি/বিবৃতিগুলি ঠিক?

(A) শুধুমাত্র (a)

(B) শুধুমাত্র (b) এবং (c)

(C) শুধুমাত্র (b)

(D) শুধুমাত্র (c)

**15.** *Assertion (A)* : Along equator no cyclone occurs

*Reason (R)* : Angular momentum is maximum along equator

Select the correct option

(A) Both (*A*) and (*R*) are correct, and *(R)* is the correct explanation of *(A)*

(B) Both (*A*) and (*R*) are correct, but *(R)* is not the correct explanation of *(A)*

(C) *(A)* is correct, but *(R)* is false

(D) *(A)* is false, but *(R)* is correct

**15.** *বিবৃতি* (*A*) ঃ নিরক্ষরেখা বরাবর ঘূর্ণিঝড় হয় না

*কারণ* (*R*) ঃ নিরক্ষরেখায় কৌণিক ভরবেগ সর্বোচ্চ

সঠিক বিকল্পটি চয়ন করুন

(A) (*A*) এবং (*R*) দুটিই ঠিক, এবং (*R*) হল (*A*)-র সঠিক ব্যাখ্যা

(B) (*A*) এবং (*R*) দুটিই ঠিক, কিন্তু (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা নয়

(C) (*A*) ঠিক কিন্তু (*R*) ভুল

(D) (*A*) ভুল কিন্তু (*R*) ঠিক

**16.** The term oscillation is associated with *El Niño* and *La Nina* because

(A) their fluctuations are perfectly periodic

(B) their fluctuations are not perfectly periodic

(C) they recur in the form of regular cycles

(D) their fluctuations are related with Northern Hemisphere Jet Stream periodicity

**16.** এল নিনো ও লা নিনা-র সঙ্গে দোদুল্যমান পরিবর্তনের অনুষঙ্গের কারণ

(A) এদের হ্রাসবৃদ্ধি সম্পূর্ণভাবে পর্যায়ক্রমিক

(B) এদের হ্রাসবৃদ্ধি সম্পূর্ণভাবে পর্যায়ক্রমিক নয়

(C) এদের পুনরাবৃত্তি নিয়মিতভাবে চক্রাকার

(D) এদের হ্রাসবৃদ্ধি উত্তর গোলার্ধের জেট প্রবাহের পর্যায়ক্রমিকতার সঙ্গে সম্পর্কিত

**17.** Which one of the following events is associated with occasional weak monsoon rains in the Indian sub-continent?

(A) *La Nina*

(B) Movement of jet streams

(C) *El Niño*

(D) Greenhouse effect on global level

**17.** ভারতীয় উপমহাদেশে অনিয়মিত ও দুর্বল মৌসুমি বর্ষণের সঙ্গে নিম্নলিখিত কোন ঘটনাটি সম্পর্কিত?

(A) লা নিনা

(B) জেট প্রবাহের স্থানান্তর

(C) এল নিনো

(D) পৃথিবীব্যাপী গ্রিনহাউস প্রভাব

**18.** Read the following statements on mountain winds and select the correct option

(a) Catabetic winds move upslope driven by warmer surface temperature on mountain slope

(b) Catabetic winds move downslope when mountain surface is colder than surrounding air

(c) Anabetic winds move up slope driven by warmer surface temperature on mountain slope

(A) (b) and (c) are correct

(B) (a) is correct but (c) is incorrect

(C) (b) is correct but (c) is incorrect

(D) (a) and (c) are incorrect

**18.** পার্বত্য বায়ুপ্রবাহ বিষয়ক নিম্নলিখিত বিবৃতিগুলির থেকে সঠিক বিকল্প বেছে নিন

(a) পার্বত্য ঢালের উষ্ণতর তাপমাত্রার কারণে ক্যাটাবেটিক বায়ু ঢালের ঊর্ধ্বাংশের দিকে প্রবাহিত হয়

(b) পারিপার্শ্বিক বায়ুমণ্ডলের তুলনায় পার্বত্য ঢালের শীতল তাপমাত্রার কারণে ক্যাটাবেটিক বায়ু ঢালের নিম্নাংশের দিকে প্রবাহিত হয়

(c) পার্বত্য ঢালের উষ্ণতর তাপমাত্রার কারণে এনাবেটিক বায়ু ঢালের ঊর্দ্ধ দিকে প্রবাহিত হয়

(A) (b) এবং (c) সঠিক

(B) (a) সঠিক, কিন্তু (c) ভুল

(C) (b) সঠিক, কিন্তু (c) ভুল

(D) (a) এবং (c) ভুল

**19.** The measure of maximum size of particles that a stream can transport is called

(A) Stream Capacity

(B) Stream Ability

(C) Stream Capability

(D) Stream Competence

**19.** নদী-পরিবাহিত সর্ববৃহৎ পদার্থের আকারকে বলা হয়

(A) নদীর ক্যাপাসিটি (Capacity)

(B) নদীর এবিলিটি (Ability)

(C) নদীর ক্যাপাবিলিটি (Capability)

(D) নদীর কম্পিটেন্স (Competence)

**20.** In oceans, Rule of Constant Proportions relates to

(A) Pressure
(B) Salinity
(C) Density
(D) Nutrients

**20.** মহাসমুদ্রে 'রুল অফ কন্সটান্ট প্রপোরশনস', এর সাথে সম্পর্কিত

(A) চাপ
(B) লবণতা
(C) ঘনত্ব
(D) পুষ্টিকর উপাদান

**21.** Match *List-I* with *List-II* and select the correct option using the codes given below:

| *List-I* | *List-II* |
|---|---|
| (a) Challenger Ridge | (i) North Pacific Ocean |
| (b) Albatross Cordillera | (ii) North Atlantic Ocean |
| (c) Azores Island | (iii) South Atlantic Ocean |
| (d) Kuril Island | (iv) South Pacific Ocean |

*Codes:*

(A) a–iii, b–ii, c–iv, d–i
(B) a–iii, b–iv, c–ii, d–i
(C) a–iv, b–iii, c–ii, d–i
(D) a–ii, b–iv, c–iii, d–i

**21.** তালিকাদুটির মধ্যে সমন্বয় সাধনের মধ্য দিয়ে নীচের সঠিক সংকেতটি চয়ন করুন :

| *তালিকা-I* | *তালিকা-II* |
|---|---|
| (a) চ্যালেঞ্জার শৈলশিরা | (i) উত্তর প্রশান্ত মহাসাগর |
| (b) অ্যালবাট্রস কর্ডিলেরা | (ii) উত্তর আটলান্টিক মহাসাগর |
| (c) অ্যাজোরস্ দ্বীপ | (iii) দক্ষিণ আটলান্টিক মহাসাগর |
| (d) কিউরাইল দ্বীপ | (iv) দক্ষিণ প্রশান্ত মহাসাগর |

*সংকেতগুলি* :

(A) a–iii, b–ii, c–iv, d–i
(B) a–iii, b–iv, c–ii, d–i
(C) a–iv, b–iii, c–ii, d–i
(D) a–ii, b–iv, c–iii, d–i

**22.** Which of the following options relates to the following statements?

*Statements:*

(a) It is characterized by earthquake
(b) It traces boundaries between several tectonic plates
(c) It is almost parallel to the 'Ring of Fire'

*Codes:*

(A) Mid Oceanic Ridges
(B) Oceanic Trenches
(C) Abyssal plain
(D) Pelagic Zone

**22.** নীচের কোন সংকেতটি নীচের বিবৃতিগুলির সাথে সম্পর্কিত ?

*বিবৃতি* :

(a) এটি ভূমিকম্পের দ্বারা চরিত্রায়িত
(b) এটি অনেকগুলি পাতের সীমানা বরাবর বিস্তৃত
(c) এটি 'আগ্নেয় মেখলা'-র সাথে প্রায় সমান্তরাল

*সংকেতগুলি* ঃ

(A) মধ্য সামুদ্রিক শৈলশিরা
(B) সমুদ্র খাত
(C) গভীর সমুদ্রের তলদেশ
(D) পাতালিক সমুদ্র

**23.** In oceans, pycnocline relates to

(A) surface waters

(B) zone below the surface waters and above the deep waters

(C) deep waters

(D) waters from surface to bottom zones

**23.** সমুদ্রের মধ্যে 'পিকনোক্লাইন' বলতে যা বোঝায়:

(A) সমুদ্রপৃষ্ঠের জল

(B) সমুদ্রপৃষ্ঠের নীচে এবং গভীর সমুদ্রের জলতলের উপরের অংশ

(C) গভীর সমুদ্রের জল

(D) সমুদ্রপৃষ্ঠ থেকে গভীর সমুদ্র তলদেশের জল

**24.** The closest approximation of the global mean sea level rise since the start of satellite altimetry in 1993 is

(A) 70 mm

(B) 60 mm

(C) 90 mm

(D) 100 mm

**24.** 1993 সালে উপগ্রহ ভিত্তিক উচ্চতা নির্ণয় শুরু হওয়ার পর থেকে পৃথিবীর গড় সমুদ্র তলদেশের উচ্চতা বৃদ্ধি পেয়েছে—

(A) 70 মিমি

(B) 60 মিমি

(C) 90 মিমি

(D) 100 মিমি

**25.** Waves break as they approach the coast because

(A) water is pulled down by the gravity as wave steepness exceeds a critical value

(B) friction with the bathymetric profile causes refraction of the wave train

(C) speed of wave movement exceeds the speed of wave-induced currents

(D) rotational speed of water particles constituting the waves exceeds the speed of wave movement

**25.** উপকূলের দিকে অগ্রসরের সময় তরঙ্গ ভেঙে যাওয়ার কারণ

(A) তরঙ্গের ঢাল সংকটমাত্রা অতিক্রম করলে জলরাশি অভিকর্ষের দ্বারা নীচের দিকে আকৃষ্ট হয়

(B) সমুদ্র তলদেশের সাথে ঘর্ষণজনিত কারণে তরঙ্গ গোষ্ঠীর প্রতিসরণ

(C) তরঙ্গের গতিবেগ তরঙ্গচালিত স্রোতের চেয়ে বেশি হলে

(D) তরঙ্গমধ্যস্থিত জলকণার আবর্তন বেগ তরঙ্গের গতিবেগের চেয়ে বেশি হলে

**26.** Translatory wave develops

(A) in the land-ward side after wave breaking

(B) in the sea-ward side before wave breaking

(C) in the deep sea

(D) inside the estuary

**26.** ট্রান্সলেটারি তরঙ্গ তৈরি হয়

(A) তরঙ্গের ভাঙনের পরে ভূমির দিকের প্রান্তভাগে

(B) তরঙ্গের ভাঙনের পূর্বে সমুদ্রের দিকের প্রান্তভাগে

(C) গভীর সমুদ্রে

(D) খাঁড়ির মধ্যে

**27.** Read the following facts about rotating tide:

(a) Tidal range increases away from the nodal point

(b) Tidal range reduces away from the nodal point

(c) Velocity of tidal wave increases with depth of occan

(d) Co-tidal line rotates in clockwise direction

Which among the following options is correct?

(A) (a) and (c) are correct

(B) (a) false but (d) is correct

(C) (b) is false but (d) is correct

(D) (b) and (d) are correct

**27.** ঘূর্ণায়মান জোয়ার সম্পর্কে নীচের তথ্যগুলি পড়ুন:

(a) কেন্দ্র থেকে দূরে জোয়ারভাটার মধ্যে জলের উচ্চতার পার্থক্য ক্রমশ বৃদ্ধি পায়

(b) কেন্দ্র থেকে দূরে জোয়ারভাটার মধ্যে জলের উচ্চতার পার্থক্য ক্রমশ হ্রাস পায়

(c) জোয়ার তরঙ্গের গতিবেগ সমুদ্রের গভীরতার উপর নির্ভর করে

(d) সম-জোয়ার রেখাগুলি ঘড়ির কাঁটার অভিমুখে আবর্তন করে

(A) (a) এবং (c) সঠিক

(B) (a) ভুল কিন্তু (d) সঠিক

(C) (b) ভুল কিন্তু (d) সঠিক

(D) (b) এবং (d) সঠিক

**28.** Which of the following is wrongly matched?

(A) Benguela Current — Cold

(B) Humboldt Current — Cold

(C) Kamchatka Current — Warm

(D) Kuroshio Current — Warm

**28.** নীচের কোনটি সঠিক নয়?

(A) বেঙ্গুয়েলা স্রোত — শীতল

(B) হামবোল্ড স্রোত — শীতল

(C) কামচাটকা স্রোত — উষ্ণ

(D) কুরোশীয় স্রোত — উষ্ণ

**29.** Height of storm surge in a coastal region does not depend on which among the following?

(A) near-shore bathymetry

(B) position of the surge affected area — left or right — related to the storm track

(C) presence of protective vegetation like mangroves in the intertidal area fringing the coast

(D) mean sustained wind velocity of the storm

**29.** উপকূলীয় এলাকায় ঝড় উদ্ভূত জলোচ্ছ্বাসের উচ্চতা কীসের উপর নির্ভর করে না?

(A) তট নিকটবর্তী এলাকার গভীরতার বিন্যাস

(B) জলোচ্ছ্বাস প্রভাবিত এলাকার অবস্থান — ঝড়ের গতিপথের ডান বা বাম দিকে

(C) উপকূলের প্রান্তদেশে বাদাবন জাতীয় অরণ্যের উপস্থিতি

(D) ঝড় সংশ্লিষ্ট বাতাসের গড় গতিবেগ

**30.** Sustainable development goal– 'Life below Water' aims at conserving and sustainable use of

(A) Ground Water resources

(B) River and Stream resources

(C) Marine resources

(D) Wetland resources

**30.** 'লাইফ বিলো ওয়াটার'— এই স্থিতিশীল উন্নয়নের লক্ষ্যটি নীচের এই সম্পদটির সংরক্ষণ ও স্থিতিশীল ব্যবহারের সাথে সম্পর্কিত

(A) ভূগর্ভস্থ জল সম্পদ

(B) নদী সংশ্লিষ্ট সম্পদ

(C) সামুদ্রিক সম্পদরাজি

(D) জলাভূমি সংশ্লিষ্ট সম্পদ

**31.** 10% law of energy flow model was coined by

(A) R. Lindeman
(B) E. P. Odum
(C) A. Leopold
(D) R. Carson

**31.** শক্তি প্রবাহ সংক্রান্ত 10% তত্ত্বটি প্রবর্তন করেন

(A) আর. লিন্ডেম্যান
(B) ই. পি. ওডাম
(C) এ. লিওপোল্ড
(D) আর. কারসন

**32.** The maximum permissible limit set by Beureau of Indian Standards for nitrate level in drinking water is

(A) 45 mg/l
(B) 40 mg/l
(C) 50 mg/l
(D) 35 mg/l

**32.** ভারতীয় মানক সংস্থা অনুযায়ী পানীয় জলে নাইট্রেটের অনুমোদিত মাত্রা হল

(A) 45 mg/l
(B) 40 mg/l
(C) 50 mg/l
(D) 35 mg/l

**33.** The establishment of a plant in a new habitat is called

(A) Speciation
(B) Ecesis
(C) Colonification
(D) Phytospread

**33.** একটি নতুন বাস্তুতন্ত্রে উদ্ভিদের প্রতিষ্ঠাকে যা বলা হয়—

(A) স্পিসিয়েশন
(B) একেসিস
(C) কলোনিফিকেশন
(D) ফাইটোস্প্রেড

**34.** The formation of the 90 East Ridge is related to

(A) Crozet eruptions
(B) Kerguelen Hotspot
(C) Elan Blank Fissure
(D) Mid-Indian Ridge

**34.** নাইন্টি ইস্ট রিজের উদ্ভব এর সঙ্গে সম্পর্কিত

(A) ক্রোজেট উদ্গীরণ
(B) কেরগুয়েলেন তপ্তবিন্দু
(C) ইলান ব্ল্যাঙ্ক দারণ
(D) মিড-ইন্ডিয়ান শৈলশিরা

**35.** "From Gandhi (as well as Spinoza), Naess reinforced his intuitions about equal 'right' of all species to flourish on the planet together with the Eastern doctrine of *Ahimsa*". What does this relate to?

(A) Shallow ecology
(B) Cosmic ecology
(C) Deep ecology
(D) Philanthropic ecology

**35.** "প্রাচ্যের 'অহিংসার' তত্ত্বের অনুকূলে গান্ধী থেকে শুরু করে স্পিনোজা এবং ন্যাস প্রবর্তিত ধারণায় পৃথিবীতে সমস্ত প্রাণীকূলের অবস্থান ও বৃদ্ধির অধিকার প্রতিষ্ঠিত হয়।"-এটি কার সঙ্গে সম্পর্কিত?

(A) শ্যালো ইকোলজি
(B) কসমিক ইকোলজি
(C) ডিপ ইকোলজি
(D) ফিলানথ্রপিক ইকোলজি

**36.** Which of the following is *not* a soil erosion assessment method?

(A) RUSLE
(B) CORINE
(C) PESERA
(D) CISRO

**36.** এগুলির মধ্যে কোনটি মৃত্তিকা ক্ষয়ের পরিমাপের পদ্ধতি নয়?

(A) RUSLE
(B) CORINE
(C) PESERA
(D) CISRO

**37.** Tropical evergreen forests are usually found in areas having _______ of rainfall and having a temperature range of _______.

(A) more than 200cm, 15–30 ºC
(B) 100–200cm, 30–35 ºC
(C) 50–100cm, 10–20 ºC
(D) below 50cm, 20–35 ºC

**37.** _______ বৃষ্টিপাত ও _______ উষ্ণতার পরিসরে ক্রান্তীয় চিরহরিৎ অরণ্যের সৃষ্টি হয়।

(A) 200 সেমি.-এর বেশি, 15–30 ºসে.
(B) 100–200 সেমি., 30–35 ºসে.
(C) 50–100 সেমি., 10–20 ºসে.
(D) 50 সেমি.-এর কম, 20–35 ºসে.

**38.** The 28th Conference of Parties was held at

(A) Baku
(B) Katowice
(C) Sharm el-Sheikh
(D) Dubai

**38.** 28-তম কনফারেন্স অফ পার্টিস অনুষ্ঠিত হয়েছিলো এই শহরে

(A) বাকু
(B) কাটোওয়াইস
(C) শর্ম এল-শেখ
(D) দুবাই

**39.** Which of the following is *not* directly associated to ecosystem restoration?

(A) Introduction of native plants
(B) Dam decommissioning
(C) Restriction of grazing
(D) Restriction of anthropogenic control

**39.** নীচের কোনটি বাস্তুতন্ত্রের পুনঃস্থাপনের সাথে সরাসরি যুক্ত *নয়*?

(A) স্থানীয় উদ্ভিদের রোপণ
(B) বৃহদাকার নদী বাঁধের অপসারণ
(C) গবাদি পশুর চারণ নিয়ন্ত্রণ
(D) মানুষের হস্তক্ষেপ নিয়ন্ত্রণ

**40.** Which of the following is a qualitative environmental assessment method developed in 1971 by USGS?

(A) Leopold Matrix
(B) Diagonal Matrix
(C) Hash Table
(D) Transformation Matrix

**40.** 1971 সালে USGS পরিবেশের মূল্যায়নের জন্য কোন বিবরণধর্মী পদ্ধতির সূচনা করে?

(A) লিওপোল্ড ম্যাট্রিক্স
(B) ডায়াগোনাল ম্যাট্রিক্স
(C) হ্যাশ টেবিল
(D) ট্রান্সফরমেশন ম্যাট্রিক্স

**41.** Constrictive population pyramids denote

(A) effects of war, disease, pestilence on population

(B) excessive birth rates

(C) populations that are elderly and ageing

(D) the demography of pre-industrial population

**41.** সংকুচিত জনসংখ্যার পিরামিড বোঝায়

(A) জনসংখ্যার উপর যুদ্ধ, রোগ ও মহামারির প্রভাব

(B) অতিরিক্ত জন্ম হার

(C) বয়স্ক ও বার্ধক্যগ্রস্ত জনসংখ্যার সমাহার

(D) শিল্প বিপ্লবের পূর্বের জনসংখ্যার অবস্থা

**42.** Which among the following involves both supraglacial and subglacial processes?

(A) Sublimation

(B) Melting

(C) Calving

(D) Evaporation

**42.** নীচের কোন পদ্ধতিটি উপরি-হিমবাহ এবং নিম্ন-হিমবাহে সংঘটিত প্রক্রিয়ার সাথে যুক্ত?

(A) সাবলিমেশন

(B) গলন

(C) কালভিং

(D) বাষ্পীভবন

**43.** Who among the following proposed that fertility rate declines when density of population increases?

(A) M. T. Sadler

(B) Thomas Malthus

(C) D. Ricardo

(D) W. Zelinsky

**43.** ''জনঘনত্বের বৃদ্ধির সাথে সাথে জন্ম দেবার ক্ষমতার হার হ্রাস পায়''— এই তত্ত্বটি কে প্রবর্তন করেন?

(A) এম. টি স্যাডলার

(B) থমাস ম্যালথাস

(C) ডি. রিকার্ডো

(D) ডব্লিউ. জেলিন্স্কি

**44.** Which of these indices takes into account health, education, economics and politics in measuring status of women?

(A) Gender Empowerment Measure

(B) Global Gender Gap Index

(C) Gender Development Index

(D) Gender Equality Index

**44.** মহিলাদের অবস্থার মূল্যায়নের জন্য কোন সূচকটি স্বাস্থ্য, শিক্ষা, আর্থিক অবস্থা এবং রাজনৈতিক ক্ষমতার বিচার করে?

(A) জেন্ডার এমপাওয়ারমেন্ট মেজার

(B) গ্লোবাল জেন্ডার গ্যাপ ইনডেক্স

(C) জেন্ডার ডেভেলপমেন্ট ইনডেক্স

(D) জেন্ডার ইকুয়ালিটি ইনডেক্স

**45.** Feminisation of the farm sector is gradually on the rise because

(A) more women opt to work in the farm sector

(B) poverty drives women to work as farm labourer

(C) increase in male migration from rural to urban areas

(D) there is greater equality in the wage structure in comparison to previous years

**45.** 'ফার্ম সেক্টরে' মহিলাদের উপস্থিতি ক্রমশ বাড়ছে কারণ

(A) মহিলারা বেশি হারে ফার্ম সেক্টরে কাজ করতে আগ্রহী হচ্ছেন

(B) দারিদ্র্য মহিলাদের ফার্ম সেক্টরে কাজ করতে বাধ্য করেছে

(C) পুরুষরা ক্রমশ বেশি হারে গ্রাম থেকে শহরে পরিব্রাজন করছেন

(D) বিগত বছরগুলির তুলনায় সাম্প্রতিককালে নারী-পুরুষের বেতনক্রমে অনেক বেশি সাদৃশ্য লক্ষ করা যাচ্ছে

**46.** Match the settlement characteristics in *List-I* with the patterns of the settlements in *List-II.*

| *List-I* *(Characteristics)* | *List-II* *(Pattern of Settlements)* |
|---|---|
| (a) Sites close to supply of water | (i) Star |
| (b) Villages aligned to transport routes | (ii) Circular |
| (c) Dwelling units spread out in several directions | (iii) Wet Point |
| (d) Settlements developing around a fort/temple | (iv) Linear |

Select the correct answer from the codes given below

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (ii) | (iii) | (i) | (iv) |
| (B) | (iii) | (iv) | (i) | (ii) |
| (C) | (i) | (ii) | (iv) | (iii) |
| (D) | (ii) | (iii) | (i) | (iv) |

**46.** *তালিকা-I* এর জনবসতির বৈশিষ্ট্যগুলিকে *তালিকা-II* এর জনবসতির বিন্যাসের ধরনের সঙ্গে মেলান:

| *তালিকা-I* (বৈশিষ্ট্য) | *তালিকা-II* (মানবজাতির বিন্যাসের ধরন) |
|---|---|
| (a) জলের উৎসের নিকটবর্তী স্থান | (i) তারকাকৃতি |
| (b) রাস্তার ধার বরাবর গড়ে ওঠা গ্রাম | (ii) গোলাকৃতি |
| (c) বিভিন্ন দিকে প্রসারিত বাসস্থান | (iii) জলকেন্দ্রিক |
| (d) কোনো দুর্গ/মন্দিরকে কেন্দ্র করে গড়ে ওঠা জনবসতি | (iv) রৈখিক |

নিম্নের সংকেতগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নিন

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (ii) | (iii) | (i) | (iv) |
| (B) | (iii) | (iv) | (i) | (ii) |
| (C) | (i) | (ii) | (iv) | (iii) |
| (D) | (ii) | (iii) | (i) | (iv) |

**47.** Which one of the following plays a deciding role in rural to urban migration?

(A) Low employment opportunity in the rural areas

(B) High pressure of population on the village resources

(C) Economic inequality among the rural people

(D) General tendency of migration to the urban areas

**47.** গ্রাম থেকে শহরে পরিব্রাজনের ক্ষেত্রে নিম্নলিখিত কোনটি সিদ্ধান্তমূলক ভূমিকা পালন করে?

(A) গ্রামীণ অঞ্চলে স্বল্প কর্মসংস্থানের সুযোগ

(B) গ্রামীণ সম্পদের ওপর জনসংখ্যার অতিরিক্ত চাপ

(C) গ্রামীণ বাসিন্দাদের মধ্যে আর্থিক অসাম্য

(D) শহরের দিকে পরিব্রাজনের স্বাভাবিক প্রবণতা

**48.** Which amongst the following is *not* a consequence of accelerated migration from rural to urban areas?

(A) Growth of unregulated settlements or slums

(B) Fast increase in urban population

(C) Improvement in the rural economy due to lower population pressure

(D) Development of urban sprawl

**48.** নিম্নলিখিত বিবৃতিগুলির মধ্যে কোনটি গ্রাম থেকে শহরে ক্রমবর্ধমান পরিব্রাজনের ফলে হয় *না*?

(A) জনবসতি বা বস্তির অনিয়ন্ত্রিত বৃদ্ধি

(B) শহুরে জনসংখ্যার দ্রুত বৃদ্ধি

(C) স্বল্প জনসংখ্যার জন্য গ্রামীণ অর্থনীতির উন্নতি

(D) শহরাঞ্চলের বিস্তার

**49.** Which among the following statements on hamlet settlement is not true?

(A) Transport network is less likely to be extensive in hamlet

(B) Commonly hamlet forms through historical farming practices

(C) Hamlet settlements decline due to government intervention through investments in rural areas

(D) Hamlet is more likely to be community oriented

